

# কোভিড-19 এর থেকে মুক্তি এবং আরোগ্যলাভের

জন্য আন্তর্জাতিক এনসিডি আলোচ্যসূচী

3 স্তমভ:  
12 সুপারশি:



# বিষয়সমূহ

## সারসংক্ষেপ:

আজকের সঙ্কট, আগামীর বিপদের মোকাবিলা করার জন্য একটি আন্তর্জাতিক আলোচ্যসূচী 3

## নীতি প্রসঙ্গ:

কোভিড-19 এবং অসংক্রামক ব্যাধিগুলির যৌথ মহামারী 4

## সুপারিশ:

থিতিস্থাপকতা গঠন করতে রূপান্তরকারী প্রায়োরিটি, নীতি এবং জনস্বার্থে ব্যয় 6

## স্তম্ভ 1

**পরিচালনা:** কী অগ্রাধিকার পাবে তা এবং ক্ষমতা পুনরায় সংজ্ঞায়িত করুন এবং গুরুত্বপূর্ণ বিষয়গুলি পরিমাপ করুন 7

## স্তম্ভ 2

**প্রতিরোধ:** প্রস্তুতির পথ হিসাবে জনস্বাস্থ্যকে অগ্রাধিকার দিন 15

## স্তম্ভ 3

**স্বাস্থ্য ব্যবস্থা:** ন্যায্য এবং ভবিষ্যত উপযোগী 18



সারসংক্ষেপ:

# আজকের সঙ্কট, আগামীর বিপদের মোকাবিলা করার জন্য একটি আন্তর্জাতিক আলোচ্যসূচী

বিল্ড ব্যাক ফেয়ারার পন্থা অন্বেষণকারী নীতিনির্ধারণকারীদের কাছে পৌঁছানোর লক্ষ্যে এনসিডি জোট কোভিড-19 থেকে মুক্তি এবং আরোগ্যলাভের জন্য এই আন্তর্জাতিক এনসিডি আলোচ্যসূচী তৈরী করেছে। আমরা উপলব্ধি করেছি যে এই অতিমারী শেষ হতে বহু দেরি এবং এখনো পর্যন্ত পাওয়া প্রতিক্রিয়া অপরিপূর্ণ, যা আন্তর্জাতিক স্তরে ঐক্যসাধনে ব্যর্থতা এবং ক্রমবর্ধমান বৈষম্য প্রকাশ করে। তা সত্ত্বেও, অতিমারী শিক্ষা গ্রহণের একটি সুযোগ দেয় এবং এটা নিশ্চিত করে যে উদ্ভাবন, সংস্থান, এবং প্রযুক্তির যথাযথ প্রয়োগ অসংক্রামক ব্যাধি (এনসিডি), যেগুলি পৃথিবীর সবচেয়ে সাধারণ ব্যাধি, যা প্রতি বছর 4 কোটির অধিক প্রাণ কেড়ে নেয় এবং আনুমানিক 10 কোটি মানুষকে দারিদ্র্যের মধ্যে ছুঁড়ে দেয়, তাদের সাথে মোকাবিলার ক্ষেত্রেও একটি রূপান্তরকারী প্রভাব ফেলতে পারে।

এনসিডির কার্যকলাপ এবং বিনিয়োগকে আর সংক্রামক ব্যাধিগুলির পশ্চাৎচিন্তা হিসাবে দেখলে এবং স্বাস্থ্য পরিষেবার ভেতর উপেক্ষা করলে চলবে না, বরং এগুলিকে নমনীয়তা, নিরাপত্তা, ন্যায়, এবং অর্থনৈতিক স্থিতির ভিত্তি হিসাবে দেখতে হবে। **আন্তর্জাতিক অতিমারী চুক্তির আলোচনা সহ, ভবিষ্যত নীতি কার্যকলাপ দ্বারা এনসিডি উল্লিখিত হচ্ছে কিনা, তা অতিমারী প্রতিক্রিয়ার কার্যকারিতার সাফল্য বা ব্যর্থতা স্থির করবে।**

কোভিড-19 এর থেকে মুক্তি এবং আরোগ্যলাভের এই আন্তর্জাতিক এনসিডি আলোচ্যসূচী সবার জন্য হিতকর সমাধান নির্ধারণ করে যাতে সমস্ত দেশ আরো শক্তিশালী রূপে আরোগ্যলাভ করতে পারে এবং একটি নিরাপদ, স্বাস্থ্যকর ভবিষ্যতকে স্বাগত জানাতে পারে। এই পরামর্শগুলির লক্ষ্য হল নেতা এবং সিদ্ধান্তগ্রহণকারীদের ন্যায্য, সাশ্রয়ী নীতি উন্নত করা এবং আরো শক্তিশালী জনস্বাস্থ্য এবং আরো মজবুত স্বাস্থ্য ব্যবস্থা গঠন করার জন্য বিনিয়োগে সহায়তা করা। এর মধ্যে রয়েছে মন্ত্রণালয় এবং বিভাগ নির্বিশেষে দেশের সরকারে থাকা সিদ্ধান্তগ্রহণকারী, স্বাস্থ্য ব্যবস্থা, স্বাস্থ্যকর্মী, আন্তর্জাতিক প্রতিষ্ঠান, সুশীল সমাজ, গবেষণা প্রতিষ্ঠান, জনহিতৈষী, এবং স্বাস্থ্য ও স্থায়ী বিকাশের উন্নতিসাধনে কর্মরত বেসরকারি সংস্থা সহ সমস্ত জন পরিষেবার নেতৃবৃন্দ।

## এই আলোচ্যসূচীতে উল্লিখিত 12 টি পরামর্শ তিনটি স্তরে বিভক্ত করা হয়েছে:

এই আলোচ্যসূচী ন্যায়ের নীতি, তত্ত্বাবধানের গুণমান, এবং মানুষকে অগ্রাধিকার দেওয়ার দ্বারা পরিচালিত হয়। এনসিডি এবং নাগরিক সমাজ প্রতিষ্ঠানগুলির সাথে বসবাসকারী মানুষ সহ আন্তর্জাতিক স্বাস্থ্য বিশেষজ্ঞদের দক্ষতা দ্বারা এই পরামর্শগুলি উদ্ভূত।

**স্বীকৃতি:** এনসিডি আমাদের সকল সদস্য এবং আওয়ার ভিউস, আওয়ার ভয়েসেস গ্লোবাল অ্যাডভাইসারি কমিটিকে তাদের মূল্যবান মতামতের জন্য ধন্যবাদ জানায়। পথপ্রদর্শন এবং সহায়তার জন্য আমরা বিশেষজ্ঞ উপদেষ্টামন্ডলীর কাছে কৃতজ্ঞ: বার্বাডোসে এমেরিটাস প্যান-আমেরিকান হেলথ অর্গানাইজেশনের পরিচালক জর্জ আলোইন; সুইজারল্যান্ডের সানোফির মার্টিন বানহাট; রাওয়ান্ডার ইউনিভার্সিটি অফ গ্লোবাল হেলথ ইকুইটির উপাচার্য অধ্যাপক আগ্রেস বিনাগুয়াহো; ইউকে/সুইজারল্যান্ডের বিশ্ব স্বাস্থ্য সংস্থা, ইউএইচ2030 এর রিচার্ড গ্রেগরি, এসিটি+, ব্রাজিলের পলা জোন্স; সামোয়া/নিউজিল্যান্ডের এনসিডি চাইল্ডের ফেল অ্যান্ড্রু লিসা; ইউএসএর ডাইরেক্ট রিলিফের অ্যান্ড্রু শোডার; নিউজিল্যান্ড/নরওয়ের দ্য ইন্ডিপেন্ডেন্ট প্যানেল ফর প্যান্ডেমিক প্রিপেয়ার্ডনেস এন্ড রেস্পন্সের ডক্টর সুধতীর সিং। এছাড়াও, ইউনিটেইডের এডিমলা ওসিগবেসনকে তার পুনর্মূল্যায়নের জন্য ধন্যবাদ।

নীতি প্রসঙ্গ:

# কোভিড-19 এবং অসংক্রামক ব্যাধিগুলির যৌথ মহামারী

কোভিড-19 বিশ্বব্যাপী স্বাস্থ্য ব্যবস্থা এবং অর্থনীতির ভিত্তি নাড়িয়ে দিয়েছে এবং একটি অতিমারীর মোকাবিলার জন্য প্রস্তুত হতে কী কী প্রয়োজন তার ধারণা পুরোপুরি বদলে দিয়েছে। অতিমারীর মোকাবিলায় সবচেয়ে বেশি প্রস্তুত দেশগুলির প্রতিক্রিয়া দুর্বল করে দেয় এমন একটি বিপত্তি যাকে খাটো করে দেরি দেখা হয়েছে, যাকে আগেকার স্বাস্থ্য সুরক্ষা ক্রমে উপেক্ষা করা হয়েছে: অসংক্রামক ব্যাধি (এনসিডি)। নিম্ন এবং উচ্চ আয়ের দেশগুলিতে একইরকমভাবে এনসিডিতে ভোগা মানুষগুলি এই সংকটের কেন্দ্রস্থলে রয়েছে। এনসিডিগুলির ব্যাপকতা কোভিড-19 রোগীদের ভেতর মৃত্যুর হার এবং রোগসংখ্যা বাড়িয়ে দিয়েছে, মোট জনসংখ্যার একটি বিরাট অংশকে ঝুঁকির মুখে ফেলে দিয়েছে এবং ফলস্বরূপ স্বাস্থ্য ব্যবস্থাকে নড়িয়ে দিয়েছে। একথা স্বীকার করতেই হবে যে সরকার এবং আন্তর্জাতিক প্রতিষ্ঠানগুলি একটি যৌথ মহামারীর সম্মুখীন, যেখানে এনসিডিগুলির দীর্ঘস্থায়ী অতিমারী কোভিড-19 এর প্রবল অতিমারীর প্রভাব বহুগুণে বাড়িয়ে তুলেছে।<sup>01</sup>

**এই সংকটের মুহূর্তে, বিচ্ছিন্নভাবে কাজ না করে আমাদের একসাথে কাজ করার এই সুযোগ নিতে হবে যাতে একটি আরো শক্তিশালী আর্থিক সহায়তাপ্রাপ্ত জনস্বাস্থ্য ব্যবস্থা গড়ে তোলা যায় যেখানে আমাদের স্বাস্থ্য সংক্রান্ত বৈষম্যগুলির সাথে লড়াই করতে হবে এবং মোটামুটিভাবে সকলের জন্য প্রক্ষপাতশূন্য সমাজ গড়ে তুলতে হবে। এনসিডির রোগীদের যথাযথ যত্ন প্রদানই উৎকৃষ্ট উপায় এবং বছরের পর বছর ধরে এই ব্যাধিগুলির দ্বিগুণ প্রকোপের সাথে লড়াই করার জন্য একে স্বাস্থ্য ব্যবস্থার অন্তর্ভুক্ত করতে হবে। অতিমারীর দুর্দশা স্বাস্থ্য ব্যবস্থাকে আসলেই ঝাঁকিয়ে দিয়েছে এবং ভবিষ্যতে অতিমারীর ঝুঁকি কমাতে নাগরিক সমাজ এবং জনস্বাস্থ্য বিভাগকে একসাথে কাজ করতে হবে।<sup>02</sup>**

**আওয়ার ভিউস, আওয়ার ভয়েসেস কোভিড-19 এবং বিল্ড ব্যাক বেটার কনসালটেশন, ইন্ডিয়ান অংশগ্রহণকারী।**

অতিমারীটির আগে, গোটা বিশ্বে 20 টিরও কম দেশ 2030 এর ভেতর এনসিডিতে অকালমৃত্যুর সংখ্যা এক-তৃতীয়াংশ কমানোর লক্ষ্যে যথাযথ কাজ করছিল, অথচ 2015 তে ইউএন দীর্ঘস্থায়ী উন্নয়ন লক্ষ্যের অংশ হিসাবে এই প্রতিশ্রুতিটি নেওয়া হয় (এসডিজি3.4)।<sup>02</sup> সরকারের এনসিডি সংক্রান্ত দীর্ঘস্থায়ী নিষ্ক্রিয়তা কোভিড-19 এর মানব এবং অর্থনৈতিক ব্যয় বহুগুণে বাড়িয়ে তুলেছে। আজ পর্যন্ত লক্ষাধিক মানুষ যারা কোভিড-19 এ মারা গেছেন বা গুরুতর অসুস্থ হয়েছেন, তাদের অধিকাংশেরই অন্তর্নিহিত শারীরিক সমস্যা ছিল, যার ভেতর উচ্চ রক্তচাপ, হৃদরোগ এবং ডায়াবেটিস নয়তো। সমীক্ষায় দেখা গেছে যে কোভিড-19 এ মৃতের আনুমানিক 60-90% মানুষই এক বা একাধিক এনসিডিতে ভুগতেন।<sup>03</sup> সরাসরি স্বাস্থ্যের ক্ষতি ছাড়াও, দ্য ইউনাইটেড নেশনস ডেভেলপমেন্ট প্রোগ্রাম আশংকা করে যে অতিমারীটি আনুমানিক 20 কোটির অধিক মানুষকে 2030 এর ভেতর চূড়ান্ত দারিদ্র্যের মধ্যে ঠেলে দেবে।<sup>04</sup>



**নির্দিষ্ট জনগোষ্ঠীর ভিতর দুই শ্রেণীর ব্যাধি একত্রে কাজ করছে-গুরুতর তীব্র স্বাসকষ্টের লক্ষণযুক্ত কোরোনাভাইরাস 2 (সার্স-কোভ-2) এবং অসংক্রামক ব্যাধিসমূহ (এনসিডি)। আমাদের সমাজের গভীরে নিহিত বৈষম্যের প্যাটার্ন অনুযায়ী বিভিন্ন সামাজিক গোষ্ঠীগুলির ভেতর এই ব্যাধিগুলি ছড়িয়ে রয়েছে। সামাজিক এবং অর্থনৈতিক বৈষম্যের পটভূমিকায় এই ব্যাধিগুলির যুগ্ম প্রকোপ প্রতিটি ব্যাধির বিচ্ছিন্ন প্রকোপকে বহুগুণে বাড়িয়ে তুলেছে। কোভিড-19 অতিমারী নয়। এটি একটি সিডেমিক।<sup>05</sup>**


**ডক্টর রিচার্ড হর্টন, দ্য ল্যানসেট<sup>05</sup>**

এছাড়াও, যেহেতু কোভিড-19 মোকাবিলায় স্বাস্থ্যকর্মী সহ স্বাস্থ্য ব্যবস্থার গুরুত্বপূর্ণ উপাদানগুলিকে পুনঃনিয়োগ করা হয়েছে, অপরহিহার্য স্বাস্থ্য পরিষেবা ভেঙে পড়েছে যার ফলে এনসিডির রোগীরা অতিমারীর আনুষঙ্গিক ক্ষতির সম্মুখীন হচ্ছে।<sup>06</sup> স্ট্রোক, কার্ডিওভাসকুলার বা কিডনির অসুখগুলির চিকিৎসা স্থগিত হয়ে যাওয়া, ক্যান্সারের বিলম্বিত নির্ধারণ, ইনসুলিনের মত জীবনদায়ী ওষুধের সাপ্লাই চেইনে বিপর্যয়, পুনর্বাসন, উপশমকারী পরিষেবা এবং মানসিক স্বাস্থ্য পরিষেবা (যেগুলি ভেঙে পড়েছে বলে 93% দেশ বিশ্ব স্বাস্থ্য সংস্থাকে জানিয়েছে) এবং মুখের স্বাস্থ্য পরিষেবায় স্বর্গতাদেশের কারণে বিপর্যয় এখনো বাড়ছে। কিন্তু এটি নিশ্চিত যে প্রত্যেক দেশের স্বাস্থ্যের ওপর সামগ্রিক প্রভাব ভাইরাসের নিজের চেয়ে বহুগুণে বেশী।

দ্য ইনস্টিটিউট ফর হেলথ মেট্রিক্স এন্ড ইন্ড্যালুয়েশনের (আইএইচইএমই) অনুমান, 13ই মে, 2021 পর্যন্ত অতিমারীর কারণে 71 লাখ মৃত্যু ঘটেছে।<sup>07</sup> এই সংখ্যাটি প্রকাশিত 33 লাখ কোভিড-19 মৃত্যুর দ্বিগুণেরও বেশি। সংখ্যাগত এই পার্থক্য বিভিন্ন কারণে হতে পারে, যেমন বিলম্বিত স্বাস্থ্য পরিষেবাজনিত অকালমৃত্যু, মানসিক রোগের বৃদ্ধি এবং বর্ধিত মদ্যপান এবং ড্রাগ নেওয়ার ফলে অকালমৃত্যু, এমনকি সেইসব অকালমৃত্যু যেগুলো সন্দেহে রিপোর্ট করা হয়নি।

এনসিডির প্রকোপে বিভিন্ন দেশের অভ্যন্তরীণ এবং বিভিন্ন দেশের ভেতরের বৈষম্য প্রতিফলিত হয় এবং বিভিন্ন জনগোষ্ঠীর ভেতর কোভিড-19 জনিত ক্ষতির তারতম্যের দ্বারা তা আরও স্পষ্ট হয়। যারা বঞ্চনা, কর্মসংস্থান, বয়স, বর্ণ বা জাতিগত ভিত্তিতে প্রান্তিক এবং বৈষম্যের শিকার, এনসিডি এবং কোভিড-19 উভয়ই তাদের সামঞ্জস্যহীনভাবে আক্রমণ করে।<sup>08</sup>

**চিত্র 1: আন্তর্জাতিক স্তরে প্রকাশিত এবং অত্যধিক কোভিড-19 মৃত্যু, 2020–2021, 13ই মে 2021 পর্যন্ত**



কোভিড-19 জনিত অতিরিক্ত মৃত্যুর হারের হিসাব। ইনস্টিটিউট ফর হেলথ মেট্রিক্স এন্ড ইভালুয়েশন (healthdata.org) <sup>1</sup>

সকল সমাজের গভীরে প্রোথিত অবিচার এবং বৈষম্যকে কোভিড-19 উন্মুক্ত করে দিয়েছে। বন্ধিত সম্প্রদায়ের মানুষরাই সবচেয়ে বেশি অর্থনৈতিক দুর্দশার সম্মুখীন হয়েছে এবং চলাফেরা, কাজ এবং সামাজিক মেলামেশায় নিষেধাজ্ঞার কারণে তারাই সবচেয়ে কঠিন সিদ্ধান্ত নিতে বাধ্য হয়েছে। পক্ষপাতশূন্য কোভিড-19 প্রতিক্রিয়া, এমনকি ন্যূনতম টিকা বিতরণে সরকার এবং আন্তর্জাতিক সমরদায়ের ব্যর্থতা এই বৈষম্যগুলি আরো বাড়িয়ে তুলেছে। দুর্বলতমদের অগ্রাধিকার দেওয়া এবং পক্ষপাতশূন্য পরিষেবার আন্তর্জাতিক প্রতিশ্রুতি এই প্রতিক্রিয়ায় এখনো অবধি প্রতিফলিত হয়নি।



**কোভিড-19ই শুধু মানুষ মরছে না, মানুষ মরছে বঞ্চনা, পরিষেবার অভাব, গায়ের রঙ, জাতি, বা সামাজিক গোষ্ঠীর ভিত্তিতে বছরের পর বছর রোগ নিরাময়ে যথাযথ পরিষেবার অভাবে”**

**ডক্টর মাইক রায়ান, বিশ্ব স্বাস্থ্য সংস্থা**

<sup>1</sup> আইএইচএমই: “অতিরিক্ত মৃত্যুর হার অতিমারী এবং তদজনিত সামাজিক দূরত্ববিধি সংক্রান্ত সর্বমোট মৃত্যুর ছয়টি কারণ দ্বারা প্রভাবিত। এই ছয়টি কারণ হল: ক) অতিরিক্ত কোভিড-19 মৃত্যুর হার, অর্থাৎ, সকল মৃত্যু সরাসরি কোভিড-19 সংক্রমণের সাথে সম্পর্কিত; খ) অতিমারীর কারণে প্রয়োজনীয় স্বাস্থ্য পরিষেবা দেবি করে পাওয়ার বা মূলতুবি থাকার কারণে মৃত্যুর হার বৃদ্ধি; গ) ডিপ্ৰেশন, অত্যধিক মদ্যপান, এবং অত্যধিক ওপিওইড নেওয়ার মত মানসিক ব্যাধির কারণে মৃত্যুর হার বৃদ্ধি; ঘ) সামাজিক দূরত্ববিধির কারণে বাইরে বেরোনো কমে যাওয়ায় আঘাতের সংখ্যা কমে যাওয়ার ফলে মৃত্যুর হার হ্রাস; ঙ) অন্যান্য ভাইরাস যেমন ইনফ্লুয়েঞ্জা, রেসপিরেটরি সিনসিটিয়াল ভাইরাস, এবং হামের সংক্রমণ কমে যাওয়ার ফলে মৃত্যুর হার হ্রাস; এবং চ) দীর্ঘস্থায়ী ব্যাধি যেমন কার্ডিওভাসকুলার ডিজিজ, দীর্ঘস্থায়ী রেসপিরেটরি ডিজিজের ফলে মৃত্যুর হার হ্রাস কারণ এই সমস্ত ব্যাধির কারণে যেসব দুর্বল মানুষ মারা যেতে পারতেন তারা আগেই কোভিড-19 এ মারা গেছেন। অতিরিক্ত কোভিড-19 জনিত মৃত্যুর হারের সঠিক ধারণা পেতে, অতিমারীর শুরু থেকে মৃত্যুর হারের পরিবর্তনের এই কারণগুলির প্রত্যেকটিই আমাদের বিবেচনা করতে হবে।”



## সুপারিশ: স্থিতিস্থাপকতা গঠন করতে রূপান্তরকারী প্রায়োরিটি, নীতি এবং জনস্বার্থে ব্যয়

সরকারি এবং আন্তর্জাতিক প্রতিষ্ঠানগুলির এনসিডি এবং কোভিড-19 এর যৌথ মহামারীর অনুরূপ কারণগুলির ওপর কাজ করার সুযোগ রয়েছে। পৃথিবীর মোট জনসংখ্যার এক চতুর্থাংশের ওপর মানুষ এক বা একাধিক এনসিডিতে ভোগে যার ফলে তাদের কোভিড-19 এর ঝুঁকি বেশি।<sup>০৯</sup> ভবিষ্যৎ স্বাস্থ্য সঙ্কটের মোকাবিলা এবং প্রস্তুতিতে এটি আর অবহেলা করা যাবে না। এনসিডিগুলি প্রতিরোধ, নির্ধারণ, পরিচালনা, এবং চিকিৎসা নিশ্চিত করার মাধ্যমে জনস্বাস্থ্যের উন্নতিসাধন দ্রুত আরোগ্যের চাবিকাঠি। এর জন্য দেশ এবং

বয়স নির্বিশেষে কোভিড-19 এবং এনসিডি উভয়ের অন্তর্নিহিত কাঠামোগত সমস্যাগুলির (আর্থ-সামাজিক, পরিবেশগত, বাণিজ্যিক, রাজনৈতিক) সমাধান করা প্রয়োজন। এর মধ্যে রয়েছে দারিদ্র্য এবং বৈষম্য, উন্নত মানের স্বাস্থ্য পরিষেবা লাভে বাধা, এবং তামাক, সুরা, এবং অতি-প্রক্রিয়াজাত খাবার ও পানীয়, এবং দূষণজনিত ক্ষতি যা প্রতিরোধ করা সম্ভব।

এই আলোচ্যসূচী রূপান্তরকারী কাজের জন্য তিনটি স্তরের অধীনে 12টি নীতির সুপারিশ করে: পরিচালনা, প্রতিরোধ এবং স্বাস্থ্য ব্যবস্থা।



# স্তম্ভ 1

## পরিচালনা: কী অগ্রাধিকার পাবে তা এবং ক্ষমতা পুনরায় সংজ্ঞায়িত করুন এবং গুরুত্বপূর্ণ বিষয়গুলি পরিমাপ করুন

কোভিড-19 অতিমারী সমস্ত মন্ত্রণালয়, সরকারি প্রতিষ্ঠান এবং বিভাগগুলির একজোট হয়ে অতিমারী মোকাবিলার গুরুত্ব স্পষ্ট করে দিয়েছে। এর ফলে, স্বাস্থ্য, সামাজিক পরিষেবা, অর্থনীতি, কর্মসংস্থান, শিক্ষা, এবং বাণিজ্য সহ সমস্ত সেক্টরে সরকারি নেতৃত্ব এবং সকল মন্ত্রণালয় এবং বিভাগগুলির ভাইরাসটি দমন করতে এবং তার প্রভাব প্রশমিত করতে একজোট হয়ে পদক্ষেপ গ্রহণ অপরিহার্য হয়ে পড়েছে। কাজেই, এখানে উপস্থাপিত সুপারিশের প্রথম সেটটি সিদ্ধান্ত-গ্রহণ এবং পরিচালনায় কিভাবে উন্নতিসাধন করা যায় তার উপর আলোকপাত করে।

“সম্প্রদায়গুলিকে আরো নিরপেক্ষ ভাবে পরিষেবা দিতে এবং সুস্থ সমাজ প্রচার করতে এইসব সম্প্রদায়গুলির সঙ্গে, তাদের চাহিদা অনুযায়ী সংকট মোকাবিলা করার ক্ষমতা গড়ে তোলা আবশ্যিক। নিজ এলাকার বাইরে সম্প্রদায়গুলিকে নিয়োজিত না করলে কোনো স্বাস্থ্য ব্যবস্থায় সংকট মোকাবিলা করার ক্ষমতা থাকতে পারে না।”

দ্য ইন্ডিপেন্ডেন্ট প্যানেল ফর প্যাভেলিক প্রিপিয়ার্ডনেস এন্ড রেস্পন্স<sup>১০</sup>

“কোভিড থেকে আমরা যদি কিছু শিখি থাকি, তা হল জাতীয় এবং আন্তর্জাতিক স্তরে সম্প্রদায় এবং নাগরিক সমাজের ভূমিকা।”

হু অ্যাসিস্ট্যান্ট ডিরেক্টর-জেনারেল ফর ইমার্জেন্সি প্রিপিয়ার্ডনেস, ডক্টর জাউয়াদ মাহ্জুরে, 74তম ওয়ার্ল্ড হেলথ এসেম্বলি সম্ভাষণকালে, মে 2021।



#1



পরামর্শ #1

## কোভিড-19 প্রতিক্রিয়া, আরোগ্য, এবং প্রস্তুতি পরিকল্পনায় এনসিডিগুলি অন্তর্ভুক্ত করুন

প্রতিক্রিয়া, আরোগ্য এবং প্রস্তুতির জাতীয় পরিকল্পনাগুলো তাদের সম্প্রদায়ের সবচেয়ে জরুরি চাহিদা অনুযায়ী করা উচিত।

ইউএন জেনারেল এসেম্বলির 2020এর কোভিড-19 সংকল্পে, সরকার প্রতিশ্রুতি দেয় “ইউনিভার্সাল হেলথ কভারেজের (ইউএইচসি) অংশ হিসাবে এনসিডি মোকাবিলায় আরো শক্তিশালী প্রয়াসের, সাথে এও শনাক্ত করে যে এনসিডির রোগীরা এবং যারা ক্ষতির মুখ্য কারণগুলির প্রভাবাধীন, তাদের ভেতর কোভিড-19 এর উপসর্গ দেখা দেওয়ার ঝুঁকি অনেক বেশি এবং তারা অতিমারী দ্বারা সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্ত।”<sup>1</sup> তৎসত্ত্বেও, আজ পর্যন্ত কেবলমাত্র 16টি দেশ অপরিসীম স্বাস্থ্য পরিষেবায় এনসিডি ব্যবস্থাপনাকে জাতীয় কোভিড-19 প্রতিক্রিয়া এবং আরোগ্যলাভের পরিকল্পনার অন্তর্ভুক্ত করা হয়েছে বলে জানিয়েছে।

সম্প্রদায়ের সবচেয়ে জরুরি স্বাস্থ্যসংক্রান্ত চাহিদা পূরণ করার জন্য প্রতিরোধযোগ্য তদতিরিক্ত দুর্দশা কমাতে, জরুরিভিত্তিতে, এনসিডি এবং মানসিক স্বাস্থ্য পরিষেবাগুলি উন্নত করার সুযোগ খুঁজে চলা এবং তা গ্রহণ করা প্রয়োজন – যার ভেতরে রয়েছে প্রতিরোধ, রোগ নির্ণয়ক পরীক্ষা, রোগ নির্ণয়, পুনর্বাসন এবং উপশমকারী সেবা। রোগ নির্ধারণকারী পরীক্ষা এবং রোগ নির্ণয় সহ, এনসিডি পরিষেবায় গুরুতর বিশৃঙ্খলা অতিমারীকালে মৃত্যুর হার উল্লেখযোগ্যভাবে বাড়িয়ে তুলছে। এই বিশৃঙ্খলার ফলে চিকিৎসার জন্য অপেক্ষারত সকলপ্রকার এনসিডি এবং মানসিক ব্যাধিতে আক্রান্ত মানুষের সংখ্যা বেড়ে চলেছে।

সেইসব প্রান্তিক গোষ্ঠী এবং বঞ্চিত জনগোষ্ঠীর কথা বিশেষভাবে ভাবা প্রয়োজন যেখানে সংক্রামক এবং এনসিডির ক্ষতির কারণ বহুগুনে বেড়ে যায়। এর ভেতর বিশ্বব্যাপী 6.8 কোটি মানুষ রয়েছে যারা সংঘর্ষ এবং প্রাকৃতিক বিপর্যয়ের কারণে স্থানচ্যুত হয়ে, যেমন জলবায়ু পরিবর্তনের ফলে প্রবলভাবে ক্ষতিগ্রস্ত সম্প্রদায়, বর্তমানে জনহিতকর পরিবেশে বাস করছে। এর সঙ্গে রয়েছে এনসিডি সেবা এবং মানসিক স্বাস্থ্য পরিষেবার জন্য বাড়তে থাকা দাবি যা আরো বাড়বে বলে অনুমান করা হচ্ছে। এই পরিবেশে বসবাসকারী এনসিডি রোগীদের জাতীয় স্বাস্থ্য ব্যবস্থার ভেতর প্রাথমিক স্বাস্থ্য পরিষেবার উন্নতিসাধনের জন্য আন্তর্জাতিক সহায়তার প্রয়োজন, যার ভেতর রয়েছে স্বাস্থ্যকর্মী, দীর্ঘস্থায়ী এনসিডি নির্ণয়, তার চিকিৎসা এবং ওষুধের সহজলভ্যতা, পাশাপাশি নিরাপদ জীবনযাত্রা, পুষ্টিকর খাদ্য এবং যথাযথ স্বাস্থ্যব্যবস্থা।

### অনুপ্রেরণা প্রদানকারী উদাহরণসমূহ:

**বাহরইন** জাতীয় আরোগ্যলাভ পরিকল্পনায় এনসিডির কার্যাবলী যুক্ত করার জন্য পরিচিত, আর তাই স্বাস্থ্য মন্ত্রণালয়ে এনসিডির অধিকর্তাকে তাদের জাতীয় কোভিড-19 প্রতিক্রিয়া কমিটির সাথে যুক্ত হওয়ার জন্য ধন্যবাদ জানাতে হয়।

**যানায়**, রাষ্ট্রপতি কোভিড-19 এর উপর টেলিভিশনে সম্প্রচারিত ভাষণগুলি এনসিডি এবং ঝুঁকির মুখ্য কারণগুলি সম্পর্কে সচেতনতা বৃদ্ধির জন্য ব্যবহার করেন।



© Shutterstock



#2



পরামর্শ #2

## সিদ্ধান্ত-গ্রহণে সম্প্রদায়গুলিকে অন্তর্ভুক্ত করুন

মানুষের চাহিদা বুঝতে গেলে, জাতীয় প্রতিক্রিয়া এবং আরোগ্য পরিকল্পনায় এবং অতিমারী চুক্তির গঠন এবং ফলাফলে সম্প্রদায়গুলোর অংশগ্রহণ সংরক্ষিত করতে হবে, যে কারণে সিদ্ধান্ত-গ্রহণকারীদের সর্বাধিক ঝুঁকিসম্পন্ন মানুষগুলিকে অন্তর্ভুক্ত করতে হবে।<sup>12</sup>

এর ভেতর রয়েছে এনসিডি, বিকলাঙ্গতা, এইচআইভি, টিবি এবং 'লং কোভিড' সহ দীর্ঘস্থায়ী রোগে আক্রান্ত মানুষেরা। সিদ্ধান্ত-গ্রহণকারীদের সচেতনভাবে প্রায়শই পিছিয়ে থাকা গোষ্ঠীগুলির দিকে হাত বাড়িয়ে দিতে হবে: যেমন বয়স্ক মানুষ, জাতিগত এবং সংস্কৃতিগত সংখ্যালঘু, আদিবাসী সম্প্রদায়, শহুরে বসতি, গ্রাম বা প্রত্যন্ত এলাকায় বসবাসকারী সম্প্রদায়, দ্বীপ নির্মাণকারী ছোট রাজ্যসমূহ, এবং এলজিবিটি\* এবং অন্যান্য প্রান্তিক গোষ্ঠীসমূহ। বিশেষ করে মহিলারা অতিমারীর অর্থনৈতিক বিপর্যয় দ্বারা গুরুতরভাবে ক্ষতিগ্রস্ত হচ্ছে এবং লক্ষাধিক শিশু এবং তরুণ তরুণী এনসিডিতে আক্রান্ত (উদাহরণস্বরূপ, 45 লাখেরও বেশি শিশু এবং তরুণ তরুণী ডায়াবেটিসে আক্রান্ত<sup>13</sup>)। সম্প্রদায়গুলির অংশগ্রহণে তাদের বিশেষভাবে বিবেচনা করা উচিত।

দ্য ইন্ডিপেন্ডেন্ট প্যানেল অন প্যান্ডেমিক প্রিপেয়ারনেস এন্ড রেস্পন্সের মতে তারাই সবচেয়ে সফলভাবে কোভিড-19 এর মোকাবিলা করতে পেরেছে যারা শক্তিশালী স্বাস্থ্য ব্যবস্থা গড়ে তোলার জন্য এবং সম্প্রদায়গুলির চাহিদা পূরণ করতে পরিষেবা প্রদানকারী, সিদ্ধান্ত-গ্রহণকারী, এবং পরিচালকবর্গকে অবগত করার জন্য স্থানীয় সম্প্রদায়গুলিকে যুক্ত করেছে।<sup>14</sup> 2019 এ ইউএইচসি তে অনুষ্ঠিত ইউএন উচ্চ-স্তরের সভায় বিভিন্ন সরকার স্বাস্থ্য ক্ষেত্রে সিদ্ধান্ত-গ্রহণের জন্য সামাজিক অংশগ্রহণ প্রক্রিয়া চালু করার অঙ্গীকার করে।<sup>15</sup> তা সত্ত্বেও, সম্প্রদায় এবং নাগরিক সমাজগুলির সংযুক্তি এখনো অপ্রতুল। বহু দেশে নাগরিক সমাজের পরিসর কমিয়ে আনার সাম্প্রতিক প্রবণতা অবিশ্বাসের জন্য জন্ম তৈরী করে দেয়, যা জনস্বাস্থ্যের জন্য বিপজ্জনক।

সম্প্রদায় নির্বিশেষে বিবিধ গোষ্ঠীগুলিকে নিযুক্ত করার মাধ্যমে নীতি প্রতিক্রিয়ার গ্রহণযোগ্যতা বৃদ্ধি পাবে এবং দেশগুলির অভ্যন্তরীণ স্বাস্থ্য সংক্রান্ত বৈষম্য হ্রাস পাবে, যা আরোগ্যলাভের ভিত্তি প্রস্তর হিসাবে কাজ করবে। এই অতিমারী জনসাধারণের বিশ্বাসের কী অপরিসীম গুরুত্ব তা স্পষ্ট করে দিয়েছে। বিশ্বাসের অভাবে জনস্বাস্থ্য নির্দেশনা অমান্য করার প্রবণতা দেখা দেয়, ভ্যাকসিন দানের কর্মসূচিতে বাধা পড়ে, এবং মানুষের মধ্যে যথাসময়ে স্বাস্থ্য পরিষেবা গ্রহণ না করার মানসিকতা তৈরী হয় যার ফলে নীতি প্রতিক্রিয়া দুর্বল হয়ে পড়ে এবং বৈষম্য বৃদ্ধি পায়। সিদ্ধান্ত-গ্রহণে সকল সম্প্রদায়ের অংশগ্রহণ বিশ্বাস গড়ে তোলার, ভুল তথ্যের সাথে লড়াই করার, এবং সরকারি কর্তৃপক্ষ, স্বাস্থ্য ব্যবস্থা ও জনগণের ভেতর উপস্থিত দূরত্ব কমিয়ে আনার অপরিহার্য ভিত্তি হিসাবে কাজ করে। এই কোভিড-19 অতিমারীতে, বিভিন্ন নাগরিক সমাজ প্রতিষ্ঠান (সিএসও) এবং স্বাস্থ্য কর্মীদের সংঘ যেখানে জন পরিষেবা উপলব্ধ নয়, সেইসব জায়গায় বাড়িতে ওষুধ পৌঁছে দিয়ে, মানুষকে হাসপাতালে পৌঁছে দিয়ে এবং জরুরি পরামর্শ ও সহায়তা করে এনসিডি রোগীদের সাহায্য করতে এগিয়ে এসেছে। এক্ষেত্রে শক্তিশালী সংস্থানের সহায়তা প্রয়োজন যারা প্রতিক্রিয়া এবং আরোগ্য পরিকল্পনা তৈরী এবং কার্যকরী করতে সরকারের সাথে কাজ করবে।

### অনুপ্রেরণা প্রদানকারী উদাহরণসমূহ:

এনসিডি নাগরিক সমাজ এবং রোগীদের প্রতিনিধি **ফিলিপিনো**, যার ভেতর রয়েছে ক্যান্সার ওয়ারিয়ার ফিলিপিনো, যারা মেডিসিনের জাতীয় উপদেষ্টা পরিষদে প্রতিনিধিত্ব করেছে, এবং কোভিড-19 মোকাবিলায় আপংকালীন সভাপ্তলোয় অংশগ্রহণ করেছে।

**ভারতে**, ক্ল সার্কল ফাউন্ডেশন (হেলথি ইন্ডিয়া এলায়েন্স এর সদস্য) ডায়াবেটিসের রোগীদের সহায়তা প্রদান যেমন, পরামর্শ গ্রহণের জন্য সুনীর্দিষ্ট হেল্পলাইন, বা অত্যাবশ্যক ওষুধ বাড়িতে পৌঁছে দেওয়া নিশ্চিত করতে স্বেচ্ছাসেবকদের নিয়োগ করে।

**“ যখন আমাদের স্বাস্থ্য ব্যবস্থা সফল হয় উন্নতিলাভ করি; যখন তা ব্যর্থ হয় জীবন দিয়ে আমাদের তার মূল্য দিতে হয়। সকল স্বাস্থ্য ব্যবস্থার কোভিড-19**

**প্রতিক্রিয়া এবং ইউনিভার্সাল হেলথ কভারেজ সহ যাবতীয় স্বাস্থ্য নীতি গঠন এবং প্রয়োগের ক্ষেত্রে সংক্রামক এবং অসংক্রামক ব্যাধিতে আক্রান্ত রোগীদের অন্তর্ভুক্তিকে অগ্রাধিকার দেওয়া উচিত।”**

**কেনিয়ার আওয়ার ভিউস, আওয়ার ভয়েসেস গ্লোবাল এডভোকেটস কমিটির সদস্য**

### GLOBAL CHARTER

**গ্লোবাল চারটার অন মিনিফুল ইনভল্ভমেন্ট অফ পিপল লিভিং উইথ এনসিডি**, এনসিডিতে আক্রান্ত মানুষ এবং সম্প্রদায়গুলিকে এনসিডি প্রতিক্রিয়ার কেন্দ্রে রাখার জন্য কতগুলি মৌলিক নীতি এবং সাধারণ কৌশলের কথা বলে। আন্তর্জাতিক, আঞ্চলিক, জাতীয় এবং স্থানীয় স্তরে স্বাস্থ্য এবং বিকাশের লক্ষ্য পূরণে এনসিডিতে আক্রান্ত মানুষ, বিভিন্ন সম্প্রদায়ের মানুষ এবং শক্তিশালী নাগরিক সমাজের মানুষ প্রত্যেকেই অপরিহার্য, আর তাই নির্ধারকদের গ্লোবাল চারটারকে সমর্থন করার জন্য উৎসাহ দেওয়া হচ্ছে।



#3



পরামর্শ #3

## নিরাপত্তা এবং ন্যায়কে গুরুত্ব দিয়ে এনসিডিগুলির বিনিয়োগ বিষয়টি নিয়ে আবার ভাবুন

ফাইন্যান্সিং দ্য গ্লোবাল কমন্স ফর প্যান্ডেমিক প্রিপেয়ার্ডনেস এন্ড রেস্পন্সের ওপর ইন্ডিপেন্ডেন্ট প্যানেল ফর প্যান্ডেমিক প্রিপেয়ার্ডনেস এন্ড রেস্পন্স এবং দ্য জি20 হাই-লেভেল ইন্ডিপেন্ডেন্ট প্যানেলের মতে কোভিড-19 মোকাবিলায় অনেক দেরিতে তহবিল অর্থ যোগান দেওয়া হয় এবং তা “বিপজ্জনকভাবে অপরিপুষ্ট” বিশ্ব পণ্য পরিষেবা প্রদান করার ক্ষেত্রে অপ্রতুল।<sup>16</sup> একই কথা এনসিডির ক্ষেত্রেও বলা যায়, যা এখনো পর্যন্ত অকালমৃত্যু এবং বিকলাঙ্গতা সবথেকে বড় কারণ, অথচ বর্তমানে বিশ্ব স্বাস্থ্য তহবিলের 2% এর কম এই খাতে ব্যয় করা হয়।<sup>17</sup>

এনসিডি এলায়েন্স অতিমারী মোকাবিলায় আন্তর্জাতিক স্তরে প্রয়োজনীয় তহবিল নিয়োগ করার বিষয়ে প্যানেলের সুপারিশ সমর্থন করে, সাথে অতিমারী মোকাবিলায় নির্দিষ্ট বিনিয়োগ যাতে একটি নির্দিষ্ট ব্যাধির জন্য বিচ্ছিন্ন ব্যবস্থা তৈরী না করে সে বিষয়েও জোর দেয়। একটি বিচ্ছিন্ন পন্থা বৈষম্য এবং অকর্মণ্যতার ঝুঁকি আরো বাড়িয়ে তোলে। বিশ্ব স্বাস্থ্যে দীর্ঘস্থায়ী বিচ্ছিন্ন ব্যবস্থায়, যেখানে অর্থ এবং স্বাস্থ্যকর্মীরা নির্দিষ্ট ব্যাধি মোকাবিলায় বা নির্দিষ্ট জনগোষ্ঠীর সেবায় নিয়োজিত, প্রাথমিক স্বাস্থ্য পরিষেবা এবং এনসিডি প্রতিরোধে বিনিয়োগের বহুমুখী উপকারিতাগুলি সম্বন্ধে সম্যক ধারণা পাওয়া সম্ভব নয়। এই অতিমারী দেরিতে হলেও এই শিক্ষা দেয় যে যেসব মানুষ সংক্রামক ব্যাধিতে আক্রান্ত তাদের এর বাইরেও এনসিডি এবং মানসিক স্বাস্থ্য সহ, আরো বিস্তৃত স্বাস্থ্যসংক্রান্ত চাহিদা বর্তমান।

অপরিহার্য সম্পদ হিসাবে সুস্থ, শক্তিশালী এবং উৎপাদনক্ষম জনসাধারণের মূল্য এবং এনসিডি ও সংক্রামক ব্যাধির জন্য ভবিষ্যত ব্যয় এড়ানোর কথা বিবেচনা করে, সরকারি নেতৃত্ব, অর্থ মন্ত্রণালয় এবং আন্তর্জাতিক প্রতিষ্ঠানগুলির এনসিডিকে পরিকল্পনার কেন্দ্রস্থলে রাখার জন্য বিনিয়োগ কেসটি পরীক্ষা করতে হবে। বিনিয়োগ কেসটি স্থানীয় সংস্থান নিয়োগ, রাজস্ব নীতি, উন্নয়নে সহায়তা, এবং নির্দিষ্ট আন্তর্জাতিক সংহতি যেমন হেলথ সিস্টেমস কানেক্টর গ্লোবাল ফান্ড, ওয়ার্ল্ড ব্যাংক এবং ভূয়ের সাথে একত্রে এসিটি-এক্সিলেরাটারের (কোভিড-19 সরঞ্জাম প্রাপ্তির উপায়) মধ্যে কাজ করে, এসব ক্ষেত্রে পথ দেখাবে।<sup>18</sup>

এনসিডি এবং কোভিড-19 এর যৌথ মহামারীর অভিজ্ঞতার পরে, সরকার এবং আন্তর্জাতিক দাতাদের জনস্বাস্থ্য এবং এনসিডি নীতিগুলির ক্ষেত্রে বিনিয়োগের কেসটিতে উল্লেখযোগ্যভাবে উচ্চ-মূল্যে ধারণ করার বিষয়ে একমত হতে হবে। কস্ট-বেনিফিট এনালিসিসে যাতে উন্নত নিরাপত্তা ও সঙ্কট মোকাবিলার ক্ষমতা, এবং বৈষম্য হ্রাসের মূল্য সঠিকভাবে প্রতিফলিত হয়, তাই হু অনুমোদিত এনসিডির অংশগ্রহণ আরো শক্তিশালী এবং প্রসারিত করতে হবে। বায়ুদূষণ কমাতে এবং মানসিক স্বাস্থ্য উন্নত করতে অনুমোদিত নীতিগুলির অন্তর্ভুক্তির জন্য প্রসারণের কাজ বহুদিন পড়ে আছে এবং গোষ্ঠীর মানসিক স্বাস্থ্যের ওপর এবং দূষিত বায়ুযুক্ত স্থানগুলিতে গুরুতর প্রভাব লক্ষ্য করার পর তা ত্বরান্বিত করতে হবে। এনসিডি প্রতিকার নীতিগুলির (যার ভেতরে মা এবং শিশুর স্বাস্থ্য, এবং এইচ আইভি, টিবি বা ম্যালেরিয়ার ঝুঁকিসম্পন্ন মানুষ অগ্রগণ্য) বিনিয়োগ কেসটিতে আরো বিস্তৃত আনুষঙ্গিক স্বাস্থ্য সুবিধা এবং জটিলতা ও কো-মরবিডিটির প্রতিরোধ যা নাটকীয়ভাবে স্বাস্থ্য পরিষেবা এবং সংক্রামক ব্যাধিগুলির ঝুঁকি বাড়িয়ে তোলে, এই বিষয়গুলির দিকেও লক্ষ্য রাখতে হবে।<sup>19</sup>

### অনুপ্রেরণা প্রদানকারী উদাহরণসমূহ:

**ভুটান** এনসিডির ওপর একটি জাতীয় বহুবিভাগীয় কর্ম পরিকল্পনা তৈরী করেছে, যেখানে কোভিড-19 এ মৃত্যু এবং এনসিডির ভেতর যোগসূত্র চিহ্নিত করা হয়েছে এবং কার্ডিওভাসকুলার ব্যাধি এবং ডায়াবেটিসের ঝুঁকির কারণগুলি প্রতিহত করতে অর্থনৈতিক পদক্ষেপগুলি বিবেচনা করা হয়েছে।

**ফিলিপিন্স** কোভিড-19 অতিমারীতে তামাকজাত দ্রব্যের ওপর কর বৃদ্ধি অব্যাহত রেখেছে, যার একটি অংশ দরিদ্রতম সম্প্রদায়গুলিতে পৌঁছানোর জন্য ইউএইচসির সামর্থ্য বাড়ানোর জন্য ধারণ করা হয়।

**ভারত** এ 1লা এপ্রিল 2021 এ শুরু হওয়া এই আর্থিক বছরের বাজেটে জাতীয় স্বাস্থ্য পরিষেবা এবং সুস্বাস্থ্যের জন্য ব্যয় দ্বিগুণেরও বেশি বাড়িয়ে 2.2 ট্রিলিয়ন টাকা (ইউএস \$30.1 বিলিয়ন) করে দেওয়া হয়েছে। প্রাথমিক, আনুষঙ্গিক, এবং বিশেষ স্বাস্থ্য পরিষেবা প্রদানের সামর্থ্য গড়ে তুলতে, ন্যাশনাল সেন্টার ফর ডিজিজ কন্ট্রোলকে শক্তিশালী করতে এবং স্বাস্থ্যবিধান ও বায়ুর গুণমান উন্নত করার খাতে এই অর্থ ব্যয় করা হবে।

“

জাতীয় আর্থিক সংস্থান এবং ইউনিভার্সাল হেলথ কভারেজ অর্জনের জন্য যথাযথ ব্যবস্থা গড়ে তোলার ক্ষেত্রে সহায়তা বৃদ্ধির অঙ্গীকারকে আমরা স্বাগত জানাই। ইউএইচসি আসলেই অনেক দূরের কারণ এটি সমস্ত মানুষের কাছে পৌঁছায় না। অঙ্গীকার এবং কাজের ভেতর ফাঁক রয়েছে, যতক্ষণ না এই ফাঁক পূরণ করা হবে, ততক্ষণ পৃথিবীকে এনসিডিতে মৃত এবং বিকলাঙ্গ হয়ে যাওয়া মানুষের ভার বহিতে হবে।”

নাইজেরিয়ার আওয়ার ভিউস, আওয়ার ভয়েসেস  
গ্লোবাল অ্যাডভোকেটস কমিটির সদস্য

“

স্বাস্থ্য ব্যবস্থাগুলিকে অতিমারীর আলায়ে পুনরায় বিশ্লেষণ করতে হবে [...] এবং পূর্বাভাস পাওয়া (এবং অপ্রত্যাশিত) ভবিষ্যৎ বিপদ ও ঝুঁকির মোকাবিলায় প্রস্তুত থাকতে এবং আরো সুস্থ ও শক্তিশালী সমাজ গড়ে তুলতে আরো ভালো পরিষেবা প্রদান করতে হবে। [...] স্বাস্থ্য ব্যবস্থাকে নতুন করে গড়ে তোলার অর্থ ভবিষ্যৎ বিনিয়োগকে এইসমস্ত কাজে সরিয়ে নেওয়া এবং স্বাস্থ্য সুরক্ষা ও স্বাস্থ্য প্রচার খাতে প্যারালাল বিনিয়োগগুলির আরো খণ্ডীকরণ প্রতিহত করা।”<sup>20</sup>  
এলায়েন ফর হেলথ পলিসি এন্ড সিস্টেম রিসার্চ

© Nina Robinson/Getty







#### পরামর্শ #4

## স্বাস্থ্য সুরক্ষা এবং অতিমারীর প্রস্তুতি কিভাবে পরিমাপ করা হবে তা পুনরায় সংজ্ঞায়িত করুন

সার্স এবং মার্স মহামারীর মত, কোভিড-19 আরো একবার দেখিয়ে দিয়েছে যে যেকোন স্বাস্থ্য সঙ্কটে এনসিডি রোগীদের ঝুঁকি বেশি এবং একাধিক এনসিডিতে আক্রান্ত মানুষের ঝুঁকি সবচেয়ে বেশি।

যেমন, বিভিন্ন শৃঙ্খলাবদ্ধ মূল্যায়ন এবং তথ্য বিশ্লেষণ থেকে দেখা গেছে যে অতিরিক্ত মোটা মানুষ যাদের উচ্চ রক্তচাপ ও ডায়াবেটিসের সাথে, কার্ডিওভাসকুলার ও মেটাবলিক ব্যাধি যুক্ত আছে, কোভিড-19 ও ইনফ্লুয়েঞ্জা সহ অন্যান্য ভাইরাল সক্রমণে তাদের গুরুতর অসুস্থতা, হাসপাতালে ভর্তি হওয়া এবং মৃত্যুর ঝুঁকি সাত গুণ পর্যন্ত বেশি।<sup>21</sup> <sup>22</sup> একইভাবে, তামাক সেবনকারীদের ক্যান্সার, কার্ডিওভাসকুলার ব্যাধি এবং ফুসফুসের ব্যাধির মত একাধিক এনসিডিতে আক্রান্ত হওয়ার ঝুঁকি অনেক বেশি, সাথে এও দেখা গেছে যে কোভিড-19 এ এদের পরিণতি ভয়াবহ হওয়ার সম্ভাবনাও অনেক বেশি। যারা মাড়ির রোগে ভোগে কোভিড-19 এ তাদের পরিণতিও ভয়ানক হতে পারে এবং এদের মৃত্যুর ঝুঁকি নয় গুণ পর্যন্ত, ইনটেনসিভ কেয়ার ইউনিটে ভর্তি ঝুঁকি চার গুণ পর্যন্ত এবং এসিস্টেড ভেন্টিলেশনের ঝুঁকি পাঁচ গুণ পর্যন্ত বেশি।<sup>23</sup>

আজ পর্যন্ত, হুয়ের হেলথ ইমার্জেন্সি সিস্টেম ইন্টারন্যাশনাল হেলথ রিপোর্টস এবং গ্লোবাল হেলথ সিকিউরিটি ইনডেক্স, এনসিডির প্রাদুর্ভাব জনগোষ্ঠী এবং সম্প্রদায়গুলিকে কী পরিমাণ অপ্রয়োজনীয় ঝুঁকির মুখে ঠেলে দেয় তা বিবেচনা করেনি। স্বাস্থ্য ব্যবস্থা শক্তিশালী করে তোলার লক্ষ্যে, বিভিন্ন সরকারের ভেতর হয় একটি স্বাস্থ্য সুরক্ষা পন্থা নয় ইউএইচসি পন্থা গ্রহণ করার প্রবণতা দেখা গেছে, কিন্তু এই পন্থাগুলিকে কখনোই স্বতন্ত্র বিকল্প হিসাবে দেখা উচিত নয়।<sup>24</sup> নীতিনির্ধারণকারীরা ইউএইচসি প্রদানের দ্বারা, এনসিডি সহ অনুরূপ ঝুঁকির কারণগুলির ওপর কাজ করে মহামারীর ঝুঁকি সামাল দেওয়ার এবং প্রশমিত করার সুযোগ হাতছাড়া করেছে। যদিও বিশ্ব ব্যাংক এবং হু মানব সম্পদের ধারণায় জনস্বাস্থ্যকে অর্থনৈতিক সম্পদ হিসাবে শনাক্ত করেছে, এটি এখনো রাজনৈতিক মানসিকতায় বদল আনার ক্ষেত্রে বিশ্বব্যাপী তেমন জনপ্রিয়তা লাভ করেনি।

যেহেতু সাধারণ ঝুঁকির কারণগুলি (তামাক ও মাদক সেবন, বায়ুদূষণ, শারীরিক নিষ্ক্রিয়তা এবং অস্বাস্থ্যকর ও অতি-প্রক্রিয়াজাত খাবার ও পানীয় গ্রহণ) দূর করার মাধ্যমে প্রায় অর্ধেক এনসিডির প্রতিরোধ সম্ভব, সরকার, আন্তর্জাতিক প্রতিষ্ঠান এবং প্রস্তুতি ক্রমকে সেইসব সম্প্রদায়গুলিকে চিহ্নিত করতে হবে যাদের এইসকল ব্যাধিতে আক্রান্ত হওয়ার ঝুঁকি, যা ভবিষ্যৎ মহামারীর সম্ভাবনা বাড়িয়ে তোলে, সবচেয়ে বেশি।

কাজেই, পর্যবেক্ষণ এবং জাতীয় অতিমারীর প্রস্তুতি এবং মোকাবিলা করার সামর্থ্যের নিয়মিত পিয়ার রিভিউয়ে এনসিডি সূচকগুলির অন্তর্ভুক্তি অত্যাবশ্যক। গ্লোবাল হেলথ সিকিউরিটি ইনডেক্সে কিভাবে এনসিডিগুলিকে যুক্ত করা হবে তা মূল্যায়নের কাজ শুরু হয়েছে এবং এগুলিকে সম্ভাব্য অতিমারী চুক্তির পরিপ্রেক্ষিতে আলোচিত প্রস্তুতির আন্তর্জাতিক মূল্যায়নেরও অন্তর্ভুক্ত করতে হবে। উদাহরণস্বরূপ, এনসিডি আন্তর্জাতিক পর্যবেক্ষণ কাঠামোর অধীনে যে তথ্য হুকে জানানো হয়েছে সেগুলি এই উদ্দেশ্যে ব্যবহার করা যেতে পারে। ভিন্ন অবস্থার ক্ষেত্রেও, স্বাস্থ্য ব্যবস্থার উন্নতি এবং এনসিডি প্রতিরোধ নীতি সংক্রান্ত সিদ্ধান্তগুলি অবগত করতে এনসিডির প্রাদুর্ভাব এবং ঝুঁকির কারণ সংক্রান্ত তথ্য স্বাস্থ্য পরিচালক তথ্য ব্যবস্থার অন্তর্ভুক্ত করতে হবে।

#### অনুপ্রেরণা প্রদানকারী উদাহরণসমূহ:

অতিরিক্ত মেদ এবং কোভিড-19 এ জনসংখ্যার ঝুঁকির ভেতর যোগসূত্র চিহ্নিত করার ফলে, **মার্কিন যুক্তরাষ্ট্রে** স্থূলতা সংক্রান্ত নতুন নীতি কার্যকরী করা হয়েছে। ইউকেতে, এক তৃতীয়াংশেরও বেশি কোভিড-19 আক্রান্তদের হাসপাতালে ভর্তির কারণ শারীরিক কাজকর্মের অভাব এবং অতিরিক্ত ওজন বলে ধরে নেওয়া যেতে পারে।<sup>25</sup>



পরামর্শ #5

## স্বার্থের দ্বন্দ্ব এবং ক্ষমতার অসামঞ্জস্যের প্রতিকার করুন

ক্ষমতার ভারসাম্যহীনতা এবং সম্পদের কেন্দ্রীকরণ যে সিদ্ধান্ত-গ্রহণে অন্যায়ভাবে প্রভাব ফেলতে থাকে, অতিমারীটির ফলে তার শনাক্তকরণ দ্রুততর হয়েছে। স্বল্পমেয়াদী অর্থনৈতিক স্বার্থকে জনস্বাস্থ্যের চেয়ে এগিয়ে রাখার মূল্য জীবন এবং জীবিকা দিয়ে দিতে হয়েছে।

দেশ এবং সম্প্রদায়, উভয় ক্ষেত্রেই, কোভিড-19 টিকার পক্ষপাতদুষ্ট বিতরণ অতিমারী মোকাবিলায় নিরপেক্ষতা নিশ্চিত করতে আরো শক্তিশালী আন্তর্জাতিক পরিচালন ব্যবস্থার প্রয়োজনীয়তা স্পষ্ট করে। উপরন্তু, পরিবেশগত ক্ষয় এবং দূষণ অক্ষুণ্ণ থাকলে, পৃথিবী জলবায়ু পরিবর্তন, জীববৈচিত্র্যে ভাঙন, জুনোটিক ব্যাধির সংক্রমণ এবং এন্টিমাইক্রোবিয়াল প্রতিরোধশক্তির মত পরিহারযোগ্য স্বাস্থ্য সুরক্ষা ঝুঁকির সম্মুখীন হবে। এদের মধ্যে প্রত্যেকটিই মনুষ্যত্ব-সংক্রান্ত এবং অর্থনৈতিক এমন সঙ্কট সৃষ্টি করতে সংকট যার ব্যাপ্তি অভূতপূর্ব। একটি অতিমারী চুক্তি স্বাস্থ্য সংক্রান্ত ঝুঁকি প্রশমন এবং বিশ্বব্যাপী জন পণ্যের জন্য জাতীয় ও আন্তর্জাতিক সংস্থানগুলিকে ব্যবহার করতে উন্নত পরিচালনব্যবস্থার সুযোগ প্রদান করে। এরপরেও যা হচ্ছে তাই হতে দিলে চলবে না, স্বাস্থ্যকে সবথেকে বেশি গুরুত্ব দিতে হবে।

পরিচালনা এবং গ্লানেটারি হেলথ সংক্রান্ত আরো বিস্তৃত কাঠামোগত প্রশ্ন বাকি রয়েছে। সমস্ত মহাদেশ থেকে সংগৃহীত কেস স্টাডিগুলি স্পষ্ট করে তুলেছে যে স্বাস্থ্যের জন্য ক্ষতিকর এমন ইন্ডাস্ট্রিগুলি - যেমন অতি-প্রক্রিয়াজাত খাদ্য ও পানীয়, মাদক, তামাক এবং দূষণকারী পণ্য - ক্রেতা এবং সিদ্ধান্তগ্রহণকারীদের ওপর অনিষ্টকর প্রভাব ফেলতে এই অতিমারীর সুযোগ নিয়েছে।<sup>26</sup> ক্ষমতার এইসকল বৈষম্য প্রতিকার করা যে কতখানি জরুরি তা অতিমারী বুমিয়ে দিয়েছে এবং আরো ভালোভাবে জনগণের স্বার্থ রক্ষা করা ও তাদের স্বাস্থ্য সংক্রান্ত সমস্যা সমাধান করার জন্য জনসাধারণের সাথে কথা বলার সুযোগ করে দিয়েছে।

যেসমস্ত ইন্ডাস্ট্রি এবং কোম্পানিগুলির কার্যপ্রণালী ও পণ্য স্বাস্থ্যের জন্য ক্ষতিকর, তাদের রাজনৈতিক প্রভাবের ওপর নজর রাখতে হবে এবং তা কঠোরভাবে সীমিত করতে হবে। আরো ভালো পরিচালনব্যবস্থা দ্বারা সরকারকে শক্তিশালী করে তুলতে হবে যাতে “রেস্ টু দ্য বটম” নীতি প্রত্যাহার করা যায়, সীমান্তে কর সংক্রান্ত ফাঁকগুলি বন্ধ করা যায়, স্বাস্থ্যের পক্ষে ক্ষতিকর পণ্যগুলির উপর কর বসানো হয় ও স্বাস্থ্যের পক্ষে ক্ষতিকারক পণ্যগুলি থেকে ভর্তুকি তুলে নেওয়া হয়, এর ভেতর আছে সেইসব পণ্য যেগুলি তামাক, মাদক, অতি-প্রক্রিয়াজাত খাদ্য ও পানীয় এবং জীবাশ্ম জ্বালানি উপপাদন এবং বিক্রীতে উৎসাহদান করে। এতে যা আয় ও সঞ্চয় হবে তা ভবিষ্যৎ অতিমারীর বিপর্যয়ের ঝুঁকি কমাতে এবং শক্তিশালী স্বাস্থ্য ব্যবস্থা গড়ে তুলতে - স্বাস্থ্য সুরক্ষা এবং স্বাস্থ্য রক্ষাকারী পণ্য ও জনপরিষেবার কাজে লাগাতে হবে।

### অনুপ্রেরণা প্রদানকারী উদাহরণসমূহ:

#### এই অতিমারীটি গ্লানেটারি স্বাস্থ্যের ক্ষেত্রে সমাধানগুলিকে ত্বরান্বিত করেছে:

অতিমারীর প্রসঙ্গে প্রস্তাব দেওয়া হয়েছে যে, **ইউরোপিয়ান ইউনিয়ন** জলবায়ু সংক্রান্ত লক্ষ্য পূরণের জন্য একটি আইনি কার্যপ্রণালী গ্রহণ করবে এবং প্রথম কার্বন নিউট্রাল মহাদেশ হবে, উল্লেখ করা হয় যে “এই দশক সকলের স্বাস্থ্য, কল্যাণ এবং সমৃদ্ধির স্বার্থে, প্যারিস এগ্রিমেন্টে করা অঙ্গীকারগুলি বাস্তবায়িত করার আদর্শ সময়।”<sup>27</sup> ইউরোপিয়ান ইউনিয়ন ইনস্টিটিউশনের অসং উপায়ে আইনি সুযোগ লাভের উদ্দেশ্যে যেকোনোরকম কর্মকান্ডের ওপর নজরদারি করার জন্য ও তা প্রকাশ করার জন্য একটি ট্রান্সপারেন্সি রেজিস্টার আছে।<sup>28</sup>

**প্যাসিফিক আইল্যান্ডে**, রাচারিত খাদ্যাভ্যাস ফিরিয়ে আনার এবং আমদানিকৃত অস্বাস্থ্যকর পণ্য গ্রহণ কমানোর জন্য ভীষণভাবে চেষ্টা করা হচ্ছে। **ফিজির** মত একটি দেশে যেখানে মূলত এনসিডিতে অকালমৃত্যুর কারণে মাত্র 16% মানুষের বয়স 55 এর বেশি, সরকার, উদাহরণস্বরূপ, স্বাস্থ্যকর খাদ্যের সরবরাহ নিশ্চিত করতে লকডাউনে অধিবাসীদের ভেতর বীজ বিতরণ করে।

**নাঘিয়া, জাম্বিয়া, সাউথ আফ্রিকা এবং সিয়েরা লিওনে**তে পুষ্টিকর খাদ্য সুরক্ষা এবং সাহসী জীবিকা প্রচারের উদ্দেশ্যে, শহুরে বস্তির বাসিন্দারা স্থানীয় উদ্যানপালন ও পারমাকালচারে সহায়তা লাভ করেছে।<sup>29</sup>

**বোগোটো, প্যারিস এবং লন্ডনে**, মানুষজনকে সক্রিয় রাখতে এবং গণপরিবহনে ভিড় কমাতে মেয়ররা সুরক্ষিত বাইসাইকেল লেনের নেটওয়ার্কে বিনিয়োগ করছেন। এর একটি সুস্থ পার্শ্বপ্রতিক্রিয়া হল, এতে এনসিডির পাঁচটি মুখ্য ঝুঁকির কারণের দুইটি- বায়ুদূষণ ও ব্যায়ামের অভাবের দিকে নজর দেওয়া হয়।







## স্তম্ভ 2

### প্রতিরোধ: প্রস্তুতির পথ হিসাবে জনস্বাস্থ্যকে অগ্রাধিকার দিন

সুস্থ জনগণ হল সুরক্ষা, সঙ্কটের মোকাবিলা করার ক্ষমতা, স্বাস্থ্যসংক্রান্ত ঝুঁকির প্রস্তুতি এবং অর্থনৈতিক বিকাশের মূল ভিত্তি। কাজেই অতিমারী মোকাবিলা, আরোগ্য এবং ভবিষ্যৎ প্রস্তুতির অংশ হিসাবে স্বাস্থ্য উন্নয়ন, এনসিডি প্রতিরোধ, রোগ নির্ধারক পরীক্ষা এবং রোগ নির্ণয়ে বিনিয়োগ করা অত্যন্ত জরুরি। ঝুঁকিপূর্ণ গোষ্ঠীগুলির প্রতি অতিরিক্ত মনোযোগ দেওয়া এবং রোগ নির্ণায়ক ফাঁকগুলি পূরণ করা এমন উপেক্ষিত একটি বিষয় যার ওপরে যত দ্রুত সম্ভব কাজ শুরু করা উচিত, কারণ শীঘ্র রোগ নির্ণয় করতে পারলে পরবর্তী জটিলতা ও কোমরবিড়িটি আটকানো সম্ভব।<sup>30</sup> উদাহরণস্বরূপ, ডায়াবেটিসে আক্রান্ত অর্ধেকের বেশি প্রাপ্তবয়স্কের রোগ নির্ণয় করা হয়নি এমনকি উচ্চসম্পন্ন দেশগুলোতেও উচ্চরক্তচাপে আক্রান্ত প্রতি পাঁচ জনে মাত্র একজন চিকিৎসাধীন। উচ্চ রক্তচাপ, ডায়াবেটিস এবং/বা দীর্ঘস্থায়ী কিডনির রোগে আক্রান্তেরা পরিষেবা পাওয়ার ক্ষেত্রে বাধার সম্মুখীন হয়েছে এবং অতিমারীর সময়ে তাদের উপসর্গগুলি আরো গুরুতর হয়েছে, প্রায়শই এর সাথে যুক্ত হয়েছে আয় এবং কর্মসংস্থানে উল্লেখযোগ্য ক্ষতি এবং বাড়তে থাকা স্বাস্থ্য ও অর্থ-সামাজিক বৈষম্য।<sup>31,32</sup>



এনসিডিতে আক্রান্তের বিশেষভাবে ঝুঁকিপূর্ণ।

বহুক্ষেত্রে এনসিডি নির্ণয় করা যায়না বলে এর সম্পূর্ণ ব্যাপ্তি অজানা থাকতে পারে। কাজেই, কোভিড-19

মোকাবিলায় এনসিডি প্রতিরোধ এবং নিয়ন্ত্রণের একটি অপরিহার্য ভূমিকা রয়েছে। কোভিড-19 প্রতিক্রিয়াকে যদি এনসিডি প্রতিরোধ এবং পরিচালনা অন্তর্ভুক্ত করার উপযোগী করে তোলা না হয়, আমরা অনেক মানুষকে সংকটের চরম সম্ভাবনায় সহায়তা করতে ব্যর্থ হবে।<sup>33</sup>

ডক্টর হান্না হেনরি পি কুজ, হ রিজিওনাল ডিরেক্টর ফর ইউরোপ।





## পরামর্শ #6

## প্রতিরোধের মূখ্য বিষয়

ভবিষ্যত সঙ্কটের ঝুঁকি কমানোর জন্য এবং শক্তিশালী স্বাস্থ্য পরিষেবা গঠনের জন্য, অতিমারী, নীতিগুলির নতুন দৃষ্টিভঙ্গি থেকে বিশ্লেষণ এবং আমূল পরিবর্তন আবশ্যিকতা স্পষ্ট করে তুলেছে। কোভিড-19 এবং এনসিডি, উভয়ই, মানুষ এবং দেশগুলির সবচেয়ে মূল্যবান সম্পদ - তাদের মানুষের উদ্ভাবনীক্ষমতা, সৃজনশীলতা এবং উৎপাদনক্ষমতার নিরিখে, বিশ্বসীমিত প্রতীক।

নেতৃত্বকে অগ্রাধিকার প্রাপ্ত বিষয়গুলির প্রয়োজনে পরিবর্তন করতে হবে, যাতে সুস্থতর জনসংখ্যা, সঙ্গে ব্যাধি প্রতিরোধ সংস্থান এবং বিনিয়োগযোগ্য রাজনৈতিক মূলধন অর্জন করা যায়। আরোগ্য নীতিগুলিতে সমাজ এবং পরিবেশের উন্নয়নের স্বার্থের পরিবর্তন আস্তে হবে যা স্বাস্থ্য ও সুস্থতা উন্নত করে। যা সবচেয়ে জরুরি তা স্বাস্থ্য মন্ত্রণালয়ের আওতার বাইরে, এর সাথে অর্থনীতি, বাণিজ্য, পরিবেশ, শক্তি, পরিবহন, নগরোন্নয়ন, কৃষি এবং খাদ্য ব্যবস্থা জড়িয়ে, তাই নেতৃত্বকে সরকারে শীর্ষস্থানীয় হতে হবে। এর ভেতর রয়েছে আইন এবং নিয়মের প্রয়োগ যা বিভিন্ন এনসিডি প্রতিরোধে সাশ্রয়ী বলে প্রমাণিত হয়েছে - প্রমাণ-ভিত্তিক হ্রাসে অনুমোদিত হস্তক্ষেপের সেট।<sup>34</sup>

জনসাধারণের স্বাস্থ্য বজায় রাখা এবং উন্নত করার ফলে ভবিষ্যতে স্বাস্থ্যসংক্রান্ত বিপদ নিয়ন্ত্রণ করা যাবে এবং ভবিষ্যত সঙ্কটের মূল্য হ্রাস পাবে। তামাক সেবন, অস্বাস্থ্যকর আহার ও অপরিষ্কার ব্যায়াম (অতিরিক্ত ওজন ও স্থূলতা) এবং বায়ুদূষণের প্রকোপ সহ এনসিডির বিভিন্ন মূখ্য কারণগুলি কোভিড-19 এ গুরুতর অসুস্থতা এবং মরণশীলতার ঝুঁকি বাড়িয়ে তোলে। ব্যাধির প্রাদুর্ভাবে এনসিডি দেশগুলিকে অপ্রয়োজনীয় ঝুঁকির মুখে ঠেলে দিয়েছে, কিন্তু অনেক এনসিডিই কার্যকরভাবে প্রতিরোধ করা সম্ভব। তামাক, বায়ুদূষণ এবং আহার-সংক্রান্ত এনসিডির কারণে বর্তমানে প্রতি বছর বিশ্বজুড়ে আনুমানিক প্রায় আশি লাখ অকালমৃত্যু ঘটে, আরো তিরিশ লক্ষ মৃত্যু ঘরে মাদক সেবনের কারণে। ব্যয়বহুল জটিলতা ও কোমরবিড়িটি সহ, এই মানুষ-সংক্রান্ত ও অর্থনৈতিক খরচের বেশিরভাগটাই পরীক্ষিত এবং প্রমাণিত নীতি গ্রহণের মাধ্যমে এড়ানো সম্ভব।<sup>35</sup>

বিভিন্ন দেশে, অতিমারীটি গুরুত্বপূর্ণ নীতি পরিবর্তনগুলোর ক্ষেত্রে অনুঘটকের কাজ করেছে; যেমন, অস্বাস্থ্যকর খাবারের প্যাকেটের সামনে সাবধানবাণীর প্রবর্তন, শহরগুলিতে সক্রিয় পরিবহণে সহায়তা, তামাক ও চিনিজাত মিষ্টি পানীয়ের ওপর কর প্রবর্তন, শিল্পজাত ট্রায় ফ্যাটের ওপর সরকারি নিষেধাজ্ঞা, খুচরো বিক্রেতাদের মাদক বিক্রির ওপর বিধিনিষেধ, বিদ্যালয়গুলিতে জাস্ক ফুডের প্রচার ও বিক্রির ওপর সরকারি নিষেধাজ্ঞা এবং বায়ুদূষণ রুখতে সঠিক পদক্ষেপ গ্রহণ। কিছু আন্তর্জাতিক সংস্থা নতুন ওয়ান হেলথ এন্ড প্ল্যানটোরি হেলথ পন্থা তৈরী করছে যার ভেতর এনসিডি প্রতিরোধকারী নীতিগুলি রয়েছে; যেমন, হুজ ম্যানিফেস্টো ফর এ হেলথি রিকভারি<sup>36</sup> এবং দ্য ইউরোপিয়ান ইউনিয়ান বিটিং ক্যান্সার প্ল্যান।<sup>37</sup>

### অনুপ্রেরণা প্রদানকারী উদাহরণসমূহ:

যেসব শিশু ও প্রাপ্তবয়স্কদের ওজন মাত্রাতিরিক্ত বেশি তাদের ভেতর সামঞ্জস্যহীনভাবে কোভিড-19 কেস পরিলক্ষিত হওয়ায়, **মেক্সিকান স্টেটস অফ ওহ্যাকা এন্ড টোবাস্কো** 2020 তে কোনো প্রাপ্তবয়স্ক সঙ্গে না থাকলে 18 বছরের কম বয়সীদের কাছে জাস্ক ফুড ও চিনি দেওয়া মিষ্টি পানীয়ের বিক্রির উপর সরকারি নিষেধাজ্ঞা জারি করেছে, এবং আরো বেশি রাজ্য এই নিষেধাজ্ঞা মেনে চলার পরিকল্পনা করেছে। **মেক্সিকোতে** প্যাকেজের সামনে সতর্কবার্তা প্রদর্শন করার একটি জাতীয় আইন, যা **চিলিতে** ইতিমধ্যে প্রণীত আইনের আদলে তৈরী, 2020 এর অক্টোবরে কার্যকরী হয়, যেখানে যেসব খাবারের অতিরিক্ত চিনি, ফ্যাট (সংপূত্র ও ট্রায় ফ্যাট), ক্যালোরি ও সোডিয়াম যুক্ত আছে, তাদের প্যাকেজে কালো থামানোর চিহ্ন থাকা আবশ্যিক। কালো থামানোর চিহ্নযুক্ত কোনোকিছু বিদ্যালয়গুলিতে বিক্রি বা প্রচার করা যাবে না, যা শিশুদের আরো সুরক্ষিত করে।

**কানাডিয়া, এসওয়াটিনি, জর্জিয়া, জর্ডন, মায়ানমার, সারবিয়া ও শ্রীলঙ্কা** তাদের জাতীয় কোভিড-19 প্রতিক্রিয়া ও আরোগ্য পরিকল্পনায় তামাক নিয়ন্ত্রণ পদক্ষেপের গুরুত্ব ও প্রাসঙ্গিকতা এবং/বা টোবাকো কন্ট্রোল ফ্রেমওয়ার্ক কনভেনশনের প্রয়োগ বিশেষভাবে উল্লেখ করেছে।



© Frame Convention Alliance

#7



পরামর্শ #7

## উন্নততর সামাজিক সুরক্ষার মাধ্যমে বৈষম্যের বিরুদ্ধে যুদ্ধ করুন

বৈষম্যের মোড় ঘুরিয়ে দেওয়ার জন্য নেতৃত্ব প্রয়োজন। বিভিন্ন আর্থ-সামাজিক গোষ্ঠী ও সম্প্রদায়গুলিতে কোভিড-19 এর পক্ষপাতদুষ্ট প্রভাব স্বাস্থ্যক্ষেত্রে প্রশস্ত ফাঁকটা সামনে নিয়ে এসেছে।<sup>38</sup> প্রান্তিক ও বঞ্চিত গোষ্ঠীগুলিতে সুস্থ আয়ুষ্কালের ফারাক এনসিডিজনিজিত ঝুঁকির কারণগুলির সামঞ্জস্যহীন প্রকোপ এবং স্বাস্থ্যে কাঠামোগত বাধা প্রকাশ করে যা কোভিড-19 ও এনসিডির যৌথ মহামারীকে চালিত করেছে।

কোভিড-19 বৈষম্যগুলিকে তীব্রতর করে তোলে যার ফলে কিছু মানুষ যে কোন সঙ্কটেই, তা অতিমারী, সংঘর্ষ বা জলবায়ু পরিবর্তনের প্রভাব যাই হোক না কেন, উচ্চতর ঝুঁকির সম্মুখীন হয়। এইচআইভি/এইডসের সাথে লড়ার চার দশকের অভিজ্ঞতা পথ দেখিয়েছে: স্বাস্থ্যক্ষেত্রে ফাঁক পূরণের জন্য নীতির প্রয়োগ, সম্প্রদায় সহায়তা ও আন্তর্জাতিক সহযোগিতা এবং প্রত্যেককে সমান গুরুত্ব দেওয়াই অতিমারীর অবসান ঘটানোর একমাত্র পথ।

সরকার এবং আন্তর্জাতিক স্বাস্থ্য ও উন্নয়ন গোষ্ঠীকে সেইসব বৈষম্যগুলি শনাক্ত করতে হবে যেগুলি কারা সুস্থ পরিবেশ, স্বাস্থ্য পরিষেবা ও তাদের চাহিদা পূরণকারী সেবা পায় এবং সেসব থেকে বঞ্চিত ও পিছিয়ে রয়েছে তা বৃহদাংশে নির্ধারণ করে। প্রত্যেককে আরোগ্যের জন্য এক জায়গায় নিয়ে এসে, আইন, নীতি ও প্রত্যেককে নিরাপত্তা দানের জন্য পরিকল্পিত সামাজিক সুরক্ষা প্রোগ্রামগুলির দ্বারা এইসব বাধাগুলিকে ভাঙতে হবে। এর মধ্যে আছে দারিদ্র্য, রেসিজম, সকল প্রকার অপুষ্টি (মাত্রাতিরিক্ত ওজন ও স্থূলতা<sup>39</sup> সহ), অসুরক্ষিত কর্মসংস্থান, দুর্বল শিক্ষা ও বাসস্থান এবং নিরাপত্তাহীন বা দূষিত পরিবেশ এমনকি স্বাস্থ্য পরিষেবা লাভে বাধা।

### অনুপ্রেরণামূলক উদাহরণ:

**ওয়েলস সরকার** তাদের আরোগ্য পরিকল্পনায় একটি পক্ষপাতশূন্য কেন্দ্রস্থল রাখায় মনোনিবেশ করেছে, দ্য ওয়েলস হেলথ ইকুইটি স্ট্যাটাস রিপোর্ট উদ্যোগ (ডব্লিউএইচইএসআরআই) নেওয়ার মাধ্যমে যার নাম: কোভিড-19 এর মজবুত প্রতিক্রিয়া ও আরোগ্যের কেন্দ্রস্থলে স্বাস্থ্য নিরপেক্ষতা স্থাপন: ওয়েলসে সবার জন্য সমৃদ্ধ জীবন গঠন।<sup>40</sup>

“

যেসব দুর্বোতলতাগুলি আমাদের কোভিড মোকাবিলায় বাধা সৃষ্টি করেছে, সেগুলো বাদ দিয়ে একটি সমাজ রূপায়ণে আমরা এক মূর্ত্তও নষ্ট করতে পারব না।”

অধ্যাপক স্যান্ড্রা গালে, বোস্টন ইউনিভার্সিটি স্কুল অফ পাবলিক হেলথের ডিন।



© Russel Watkins

## স্তম্ভ 3

### স্বাস্থ্য ব্যবস্থা: ন্যায্য এবং ভবিষ্যত উপযোগী


পূর্ববর্তী মহামারী বিশেষণ করে এই সিদ্ধান্তে আসা যায় যে কার্যকরী জাতীয় স্বাস্থ্য ব্যবস্থাই প্রথম প্রতিরোধ। স্বাস্থ্য ব্যবস্থায় রেসিলিয়েন্স এর সংজ্ঞা হল "স্বাস্থ্য কর্মী, প্রতিষ্ঠান এবং জনসাধারণের সঙ্কটের জন্য প্রস্তুত হওয়া ও কার্যকরীভাবে সঙ্কট মোকাবিলা করার; সঙ্কট দেখা দিলে মূল কাজগুলি জারি রাখার; এবং, সঙ্কটকালে প্রাপ্ত শিক্ষার দ্বারা অবগত থাকার, প্রয়োজনে পুনর্গঠন করার সামর্থ্য"।<sup>41</sup> যদিও এই সংজ্ঞা অপ্রত্যাশিত ব্যাধি এবং বিপর্যয় প্রসঙ্গে প্রযোজ্য, এনসিডি'র মহামারী সংক্রান্ত সংক্রমণ বিশ্বব্যাপী মৃত্যু ও ব্যাধির মূল কারণ হয়ে দাঁড়াচ্ছে। কোভিড-19 এর কারণে বিশ্বব্যাপী অত্যাবশ্যক এনসিডি পরিষেবায় যে বিপুল বিপর্যয় দেখা দিয়েছে তাতে প্রমাণ হয় যে আন্তর্জাতিক গোষ্ঠীগুলি পূর্ববর্তী মহামারীগুলি থেকে কোন শিক্ষাই নেয়নি বা স্বাস্থ্য ব্যবস্থায় সরকারের জাতীয় বিনিয়োগে তার কোন প্রতিফলনও দেখা যায়নি।





## প্রায় অর্ধেক দেশ অসংক্রামক ব্যাধিগুলির এক বা একাধিক পরিষেবায় বিপর্যয় রিপোর্ট করেছে

শতকরা যতগুলি দেশ অসংক্রামক ব্যাধির পরিষেবায় বিপর্যয় রিপোর্ট করেছে



সূত্র: Who.int

ভবিষ্যৎ স্বাস্থ্যসংক্রান্ত বিপদগুলির জন্য প্রস্তুত থাকতে হলে স্বাস্থ্য ব্যবস্থার বৃহৎ জনসংখ্যার স্বাস্থ্য ঝুঁকির মুখে ঠেলে না দিয়ে চেউয়ের মত আসা বিপুলসংখ্যক ঘটনার দ্রুত মোকাবিলা করার সামর্থ্য থাকা আবশ্যিক। এটি চালু করার জন্য, অতীতে সবক্ষেত্রে উপেক্ষিত এনসিডি সহ সব অবস্থার জন্য একটি সামগ্রিক প্রাথমিক স্বাস্থ্যপরিষেবার ওপর ভিত্তি করে, স্বাস্থ্য ব্যবস্থাগুলিকে আরো শক্তিশালী ও নিরপেক্ষভাবে গড়ে তুলতে হবে।

